



## নোটিশ

এতদ্বারা ছাত্র/ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর, ২০২৩ (শনিবার) স্কুলে যথাযোগ্য মর্যাদায় “মহান বিজয় দিবস-২০২৩” উদ্‌যাপন করা হবে। মহান বিজয় দিবস-২০২৩ উপলক্ষে বিদ্যালয় কর্তৃক বিভিন্ন প্রতিযোগিতা এবং আলোচনা সভা অনুষ্ঠিত হবে। যে সকল শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ১৬/১২/২০২৩ তারিখ (শনিবার) সকাল ১০টায় বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।

### প্রতিযোগিতার বিষয়

প্রভাতি ও দিবা শাখা			
তারিখ ও বার	সময়	বিষয়	স্থান
১৬/১২/২০২৩ (শনিবার)	সকাল ১০ টা	গ্রুপ - 'ক' (প্লে থেকে কেজি)	নতুন ভবন (ইউনিক ভবন)
		চিত্রাংকন : মুক্তিযুদ্ধের দৃশ্য	
		গ্রুপ - 'খ' (১ম থেকে ২য়)	
		চিত্রাংকন : মুক্তিযুদ্ধের দৃশ্য	
		গ্রুপ - 'গ' (৩য় থেকে ৫ম)	মূল ভবন (ছয় তলা বিল্ডিং)
		রচনা : বঙ্গবন্ধু (৫০০ শব্দের মধ্যে)	
		গ্রুপ - 'ঘ' (৬ষ্ঠ থেকে ৭ম)	
		কবিতা : যুদ্ধ জয়ের কথা (সম্পূর্ণ) কবি : শামসুর রহমান	
গ্রুপ - 'ঙ' (৮ম থেকে ৯ম)			
রচনা : বিজয় দিবস (১০০০ শব্দের মধ্যে)			

প্রধান শিক্ষক

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

# যুদ্ধজয়ের কথা

- শামসুর রাহমান

আজকে আমি বলব শুধু  
যুদ্ধজয়ের কথা,  
যার সুবাদে পেয়ে গেছি  
সাধের স্বাধীনতা।

জাদুবলে নয়কো মোটে,  
নয়কো সহজ পথে,  
স্বাধীনতা এল জানি  
রক্তমাখা রথে।

স্বাধীনতার শত্রু যারা,  
তাদের পায়াতারি।  
এসো, সবাই মিলে ওদের  
তাড়াই তাড়াতাড়ি।

নইলে বাগান উজাড় হবে  
ফুটবে না তো ফুল।  
এক নিমিষে বিরান হবে  
ক্ষীরনদীর কূল।